

সমবায় অধিদপ্তরের অনলাইন নিবন্ধন কার্যক্রম উদ্বোধনঃ

সমবায় অধিদপ্তরের অন্যতম গুরুত্বপূর্ণ দায়িত্ব সমবায় সমিতি নিবন্ধন। নিবন্ধন প্রক্রিয়াকে সহজ, সাশ্রয়ী ও জনমুখী করার লক্ষ্যে সমবায় অধিদপ্তরের ই-সার্ভিসের অংশ হিসেবে অনলাইন নিবন্ধন কার্যক্রমের সূচনা করা হয়েছে। এর মাধ্যমে সমবায়ীরা অনলাইনে সমবায় নিবন্ধনের পাশাপাশি সার্বক্ষণিকভাবে মোবাইল SMS এর মাধ্যমে নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করার প্রয়োজনীয় দিক নির্দেশনা পাবেন। আইনের আওতায় মানসম্মত সমবায় গঠন ও সারা দেশের সমবায় নিবন্ধন কার্যক্রমের মনিটরিং এর ক্ষেত্রে অনলাইন নিবন্ধন পদ্ধতি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সমবায় অধিদপ্তরের সার্বিক কার্যক্রম আধুনিকায়নে অনলাইন নিবন্ধন প্রক্রিয়ার সূচনা একটি যুগান্তকারী পদক্ষেপ।

গত ২৪ আগস্ট ২০১৬ খ্রি তারিখে জনাব মোঃ আবুল কালাম আজাদ, মাননীয় মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় সমবায় অধিদপ্তরে অনুষ্ঠিত এক অনুষ্ঠানে সমবায় সমিতি অনলাইন নিবন্ধন কার্যক্রমের শুভ উদ্বোধন করেন।

অনলাইন নিবন্ধন কার্যক্রম অধিকতর কার্যকর ও জনবান্ধব করতে সংশ্লিষ্ট সকলের গঠনমূলক পরামর্শ সাদরে গৃহীত হবে।

সমবায় অধিদপ্তরের অনলাইন নিবন্ধন ব্যবস্থাপনা

ও মোবাইল অ্যাপস সংক্রান্ত কমিটি।